| ক্রঃ নং | সেবার ধরণ | সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | সেবা প্রাপ্তির সময় | প্রয়োজনীয় ফি | সেবা প্রাপ্তির স্থান | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার শর্তাবলী | সংশ্লিষ্ট আইন ও বিধিমালা | সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঔষধ সরবরাহ | রোগী বহিঃবিভাগে চিকিৎসা নিতে আসলে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবস্থাপত্র নেন এবং ভর্তির প্রয়োজন না হলে ব্যবস্থাপত্র মোতাবেক ডিসপেনসারি থেকে প্রয়োজনীয় ঔষধ নিয়ে বাড়ি চলে যান। রোগীর অবস্থা জটিল হলে বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শে অন্তঃবিভাগে ভর্তি করা হয় এবং সরবরাহ থাকাসাপেক্ষে ভর্তিকৃত রোগীকে হাসপাতাল থেকে ঔষধ সরবরাহ করা হয়ে থাকে। | ৩০ মি: থেকে ১ ঘণ্টা | সরকারি কোনো খরচ নেই | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিম্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান | ফার্মাসিস্ট | ১. চাহিদাপত্র রেজিস্টার<br>২. স্টক রেজিস্টার<br>৩. ইসু রেজিস্টার | সরকারি স্বাস্থ্য সেবার ক্ষেত্রে কোন শর্ত প্রযোজ্য নয় | জাতীয় ঔষধ নীতিমালা, ২০০৫ | সিভিল সার্জন |
| ২ | জরুরি চিকিৎসা সেবা | সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ জরুরি চিকিৎসার জন্য রোগী হাসপাতালের জরুরি বিভাগে আসলে তাকে তাৎক্ষণিক চিকিৎসা প্রদান করে ফাস্ট | ৩০ মি থেকে ২ ঘণ্টা | ১. বহিঃবিভাগ ফি- ৫ টাকা ২. ভর্তি ফি- ১০ টাকা ৩. এক্স-রে এবং | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিম্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান | চিকিৎসক, নার্স, ওয়ার্ড বয় এবং আয়া | ১. জরুরি বিভাগের রেজিস্টার<br>২. অন্তঃবিভাগে ভর্তি রেজিস্টার | সরকারি স্বাস্থ্য সেবার ক্ষেত্রে কোন শর্ত প্রযোজ্য নয়, অসুস্থ যে কেউ চিকিৎসা | স্বাস্থ্য অধিদপ্তরের হাসপাতাল শাখার ৩০/৯/২০০ | সিভিল সার্জন |

| ক্রঃ নং | সেবার ধরণ | সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | সেবা প্রাপ্তির সময় | প্রয়োজনীয় ফি | সেবা প্রাপ্তির স্থান | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার শর্তাবলী | সংশ্লিষ্ট আইন ও বিধিমালা | সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | এইড দিয়ে ছেড়ে দেওয়া হয়। আর অবস্থা জটিল হলে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করা হয়। রিপোর্ট যাচাই করে অবস্থা জ৭টিল না হলে চিকিৎসা দিয়ে৮ ছেড়ে দেওয়া হয়। যদি অবস্থা আরও জটিল হয় তাহলে রোগীকে ভর্তি করে অন্তঃবিভাগীয় চিকিৎসার ন্যায় সেবা প্রদান করা হয়। আর অন্তঃবিভাগে চিকিৎসা প্রদান সম্ভব না হলে জরুরি বিভাগ থেকেই সরাসরি উন্নত চিকিৎসার জন্য রেফার করা হয়। | | অন্যান্য পরীক্ষা-নিরীক্ষার ফি- সরকারি বিধি মোতাবেক | | | ৩. পরীক্ষা-নিরীক্ষার ফরম<br>৪. সংগ্রহ ও সরবরাহ রেজিস্টার | গ্রহণ করতে পারে | ৯ তারিখের প্রজ্ঞাপন | |
| ৩ | সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) | ইপিআই কর্মসূচি বাস্তবায়নের জন্য জাতীয় প্রচার মাধ্যম ও আন্তঃব্যক্তিক যোগাযোগের মাধ্যমে ব্যাপক প্রচার করা হয়। নির্ধারিত দিনে টিকাদান কেন্দ্রে অথবা হাসপাতালে ০-১১ মাস বয়সি শিশুদের নিয়ে | ৫-১০ মিনিট | সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হয় | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিম্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান | হেলথ সহকারী/ পরিবার কল্যাণ সহকারী | ১। টিকা কার্ড<br>২। গর্ভবতী কার্ড | অসুস্থ যে কেউ চিকিৎসা সেবা গ্রহণ করতে পারে | ইপিআই গাইড লাইন, ১৯৮৯ | সিভিল সার্জন |

| ক্রঃ নং | সেবার ধরণ | সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | সেবা প্রাপ্তির সময় | প্রয়োজনীয় ফি | সেবা প্রাপ্তির স্থান | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার শর্তাবলী | সংশ্লিষ্ট আইন ও বিধিমালা | সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আসতে হয়। অতঃপর কর্মসূচি অনুযায়ী (প্রাপ্যতা অনুযায়ী) যক্ষ্মা, ডিপথেরিয়া, ধনুষ্টংকার, হুপিংকাশি, পোলিও, হেপাটাইটিস বি, হিমো-ইনফ্লুয়েঞ্জা বি, হাম ও রুবেলা এই ৯টি রোগের প্রতিষেধক টিকা প্রয়োগ করা হয়। টিকা প্রদানের পর নতুনদের পরবর্তী টিকাদানের তারিখ উল্লেখ করে টিকাদান কার্ড দেওয়া হয় এবং পুরাতনদের কার্ডে পরবর্তী টিকাদানের তারিখ উল্লেখ করা হয়।<br>১৫-৪৯ বছরের মহিলাদের সিডিউল অনুযায়ী ৫ ডোজ টিটি টিকা প্রদান করা হয়ে থাকে। | | | | | | | | |
| ৪ | অন্ত: বিভাগীয় চিকিৎসা সেবা | বহিঃবিভাগ বা জরুরি বিভাগের মাধ্যমে রোগীকে হাসপাতালে ভর্তি করা হয়। | ৩০ মি থেকে ২ দিন | এক্স-রে এবং অন্যান্য পরীক্ষা- | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | চিকিৎসক, নার্স, ওয়ার্ড বয় | • বহির্বিভাগ বা জরুরি বিভাগের টিকিট | বহিঃর্বিভাগ বা জরুরি বিভাগ হইতে ভর্তিকৃত | স্বাস্থ্য অধিদপ্তরের হাসপাতাল | সিভিল সার্জন |

| ক্রঃ নং | সেবার ধরণ | সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | সেবা প্রাপ্তির সময় | প্রয়োজনীয় ফি | সেবা প্রাপ্তির স্থান | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার শর্তাবলী | সংশ্লিষ্ট আইন ও বিধিমালা | সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ভর্তির পর অবস্থা জটিল হলে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করা হয়। পরীক্ষার রিপোর্ট প্রাপ্তির পর তা যাচাই করা হয়। যাচাই অন্তে অবস্থা নিয়ন্ত্রণাধীন হলে চিকিৎসা দিয়ে সুস্থ করা হয়। আর অবস্থা জটিল হলে উন্নত চিকিৎসার জন্য উন্নত চিকিৎসালয়ে রেফার করা হয়। | | নিরীক্ষার ফি সরকারি বিধি মোতাবেক | | এবং আয়া | • ভর্তি ফরম | রোগী | শাখার ৩০/৯/২০০৯ তারিখের প্রজ্ঞাপন | |
| ৫ | বহিঃবিভাগীয় চিকিৎসা সেবা | বহিঃবিভাগে রোগী আসার পর তার নাম রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়। অতঃপর রোগীর সমস্যা সাধারণ হলে বহিঃবিভাগীয় চিকিৎসক চিকিৎসা প্রদান করে ঔষধ দিয়ে ছেড়ে দেন। আর রোগীর সমস্যা বেশি হলে পরীক্ষার জন্য প্রেরণ করেন। পরীক্ষার রিপোর্ট যাচাই করে চিকিৎসা প্রদান সম্ভব হলে চিকিৎসা | ৩০ মি: থেকে ২-৩ দিন | ১. বহিঃবিভাগ ফি-৫টাকা ২. ভর্তি ফি-১০টাকা ৩. এক্স-রে এবং অন্যান্য পরীক্ষা-নিরীক্ষার ফি-সরকারি বিধি মোতাবেক | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিম্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান | ১. বহিঃবিভাগীয় চিকিৎসক ২. বিশেষজ্ঞ চিকিৎসক ৩. নার্স | ১. বহিঃবিভাগের রেজিস্টার ২. বহিঃবিভাগের চিকিৎসাপত্র ৩. পরীক্ষা-নিরীক্ষার ফরম | সরকারি স্বাস্থ্য সেবার ক্ষেত্রে কোনো শর্ত প্রযোজ্য নয়, অসুস্থ যে কেউ চিকিৎসা সেবা গ্রহণ করতে পারে | স্বাস্থ্য অধিদপ্তরের হাসপাতাল শাখার ৩০/৯/২০০৯ তারিখের প্রজ্ঞাপন | সিভিল সার্জন |

| ক্রঃ নং | সেবার ধরণ | সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | সেবা প্রাপ্তির সময় | প্রয়োজনীয় ফি | সেবা প্রাপ্তির স্থান | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার শর্তাবলী | সংশ্লিষ্ট আইন ও বিধিমালা | সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রদান করেন অন্যথায় একই হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকের নিকট প্রেরণ করেন। বিশেষজ্ঞ চিকিৎসক রোগীর বক্তব্য শুনে এবং পরীক্ষার রিপোর্ট দেখে চিকিৎসা দেওয়া সম্ভব হলে চিকিৎসা প্রদান করে ছেড়ে দেন। আর অবস্থা জটিল হলে ভর্তির পরামর্শ দেন। আর উক্ত হাসপাতালে চিকিৎসা প্রদান সম্ভব না হলে উন্নত চিকিৎসালয়ে রেফার করেন। | | | | | | | | |
| ৬ | জরুরি প্রসূতি সেবা | গর্ভবতী মা হাসপাতালে জরুরি চিকিৎসা সেবা নিতে আসলে দ্রুততার সাথে তার চিকিৎসা সেবা নিশ্চিত করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা করা হয় ( স্বাভাবিক প্রসব অথবা সিজারিয়ান অপারেশন)। | ১ দিন প্রায় | সম্পূর্ন বিনা মূল্যে প্রদান করা হয় | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিম্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান | চিকিৎসক নার্স | ১। এএনসি কার্ড<br>২। রেফারেল স্লিপ | সরকারি স্বাস্থ্য সেবার ক্ষেত্রে কোন শর্ত প্রযোজ্য নয় | জরুরি প্রসুতি সেবা গাইড লাইল-১৯৯৮ | সিভিল সার্জন |

| ক্রঃ নং | সেবার ধরণ | সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | সেবা প্রাপ্তির সময় | প্রয়োজনীয় ফি | সেবা প্রাপ্তির স্থান | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার শর্তাবলী | সংশ্লিষ্ট আইন ও বিধিমালা | সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রজনন স্বাস্থ্য ও গর্ভাবস্থা পরিচর্যা প্রসব ও প্রসূতি সেবা | ১৫ -৪৯ বছর বয়সী সন্তান ধারণক্ষম মহিলা এবং কিশোর-কিশোরী হাসপাতালের বহি:বিভাগে প্রজনন সংক্রান্ত চিকিৎসা সেবা নিতে আসলে তাদের নাম রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়। অত:পর প্রয়োজনীয় চিকিৎসা এবং পরামর্শ প্রদান করা হয়। প্রয়োজনে উন্নত চিকিৎসার জন্য রেফার করা হয়। | ৩০ মিনিট থেকে ২/৩ দিন | সম্পূর্ণ বিনা মূল্যে প্রদান করা হয় | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিম্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান | চিকিৎসক নার্স অফিস সহকারী | ১। মা ও শিশু স্বাস্থ্য রেজিস্টার<br>২। গর্ভকালীন সেবা কার্ড<br>৩। প্রসব পরবর্তী সেবা কার্ড<br>৪। রেফারেল স্লিপ | সরকারি স্বাস্থ্য সেবার ক্ষেত্রে কোন শর্ত প্রযোজ্য নয় | প্রজনন স্বাস্থ্য চিকিৎসা গাইড লাইন, ২০০০ | সিভিল সার্জন |
| ৭ | অসুস্থ্য শিশুর সমন্বিত চিকিৎসা ব্যবস্থাপনা (আইএমসিআই) | -৫ বছরের সকল শিশু আইএমসিআই কর্নারে এসে নাম নিবন্ধিত হবে। অত:পর বহি:বিভাগীয় চিকিৎসা সেবার ন্যায় চিকিৎসা সেবা প্রদান করা হয়। তবে এ কর্নারে চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে কিছু রোগের ব্যাপারে বিশেষ গুরুত্ব দেয়া | ৩০ মি: থেকে ২/৩ দিন | বিনা মূল্যে প্রদান করা হয় | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিম্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান | মেডিকেল এসিস্ট্যান্ট/ মেডিকেল অফিসার | ১। আইএমসিআই শিশু কার্ড<br>২। আইএমসিআই গাইড লাইন,<br>৩। আইএমসিআই রেজিস্টার, | সরকারি স্বাস্থ্য সেবার ক্ষেত্রে কোন শর্ত প্রযোজ্য নয়। | আইএমসিআই চিকিৎসা গাইড লাইন, ২০০০ | সিভিল সার্জন |

| ক্রঃ নং | সেবার ধরণ | সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ | সেবা প্রাপ্তির সময় | প্রয়োজনীয় ফি | সেবা প্রাপ্তির স্থান | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার শর্তাবলী | সংশ্লিষ্ট আইন ও বিধিমালা | সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হয়। যেমন এআরআই, ডায়ারিয়া, অপুষ্টি, কানপাকা, জ্বর ইত্যাদি। | | | | | | | | |